Australian Government
Department of Home Affairs

# সকল ভিসাধারী

### অস্ট্রেলিয়ায় ভিসাধারীগণ

### অস্ট্রেলিয়া ছেড়ে যাওয়া
### ফেরত আসতে পারবেন

যে সকল লোক সাধারণভাবে অস্ট্রেলিয়া ছাড়া অন্য কোন দেশের বাসিন্দা তাদের ক্ষেত্রে অস্ট্রেলিয়ার বাইরে COVID-19 সম্পর্কিত ভ্রমণ নিষেধাজ্ঞা প্রযোজ্য নয়। যদি নিরাপদ ও সম্ভব হয় তাহলে আপনি আপনার নিজের দেশে/নিয়মিত যে দেশে বসবাস করেন সেখানে ফিরে যেতে পারেন।

### ফেরত আসতে পারবেন না

আপনার বর্তমান ভিসার মেয়াদ উত্তীর্ণ হওয়ার আগেই আপনাকে নতুন ভিসার জন্য আবেদন করতে হবে।

## অস্ট্রেলিয়ায় অবস্থান

আপনার বর্তমান ভিসার মেয়াদ উত্তীর্ণ হওয়ার আগেই অবশ্যই আপনাকে নতুন ভিসার জন্য আবেদন করতে হবে। আপনার ভিসার আবেদনের বিষয়ে সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত বৈধ রাখার জন্য আপনাকে একটি ব্রিজিং ভিসা প্রদান করা হতে পারে।

### অতিরিক্ত থাকার শর্তের অনুপস্থিতি (নো ফার্দার স্টে কন্ডিশন) (8503, 8534 এবং 8535 অন্তর্ভুক্ত)

এর অর্থ হলো, অস্ট্রেলিয়া ছাড়ার আগে পর্যন্ত আপনি অন্যান্য বেশিরভাগ ভিসার জন্য আবেদন করতে পারবেন না। যদি আপনার ভিসার মেয়াদ 2 মাসের কম বাকি থাকে, তাহলে আপনি এই শর্তটি মওকুফ করার জন্য আবেদন করতে পারেন। আমরা আপনার আবেদনের ফলাফল সম্পর্কে আপনাকে পরামর্শ দেবো। আপনার আবেদন অনুমোদিত হলে, আপনি একটি নতুন ভিসার জন্য আবেদন করতে পারেন।

### শর্ত 8558 (কোন বাসিন্দা নন এমন ব্যক্তি 18 মাস মেয়াদের মধ্যে 12 মাসের বেশি অবস্থান করতে পারবেন না)

আপনার চাহিদার সাথে উপযুক্ত এমন কটি নতুন ভিসার জন্য আপনাকে আবেদন করতে হবে। আপনার ভিসার বিকল্পগুলো দেখুন।

যদি আপনার ভিসা মেয়াদোত্তীর্ণ হয়ে গিয়ে থাকে, তাহলে বৈধ থাকার জন্য আপনাকে দ্রুত ব্রিজিং ই ভিসার (BVE) জন্য আবেদন করতে হবে। আপনার অভিবাসনের বিষয় ত্যাগ করা বা চূড়ান্ত করার ব্যবস্থা গ্রহণের সময় একটি BVE আপনাকে বৈধ রাখে।

## ভিসার শর্তাবলি মেনে চলা

### অফিস বন্ধ থাকার কারণে অতিরিক্ত তথ্য সরবরাহ করা যাচ্ছে না (স্বাস্থ্য বা পুলিশ ছাড়পত্র, বায়োমেট্রিক্স, ইংরেজি ভাষা পরীক্ষা)

যাচাই সম্পন্ন করতে এবং অনুরোধকৃত তথ্য প্রদান করতে আপনাকে অতিরিক্ত সময় দেওয়া হবে।

**ভিসার মেয়াদ শেষ হওয়ার আগে অস্ট্রেলিয়ায় ফিরে যেতে পারছি না এবং ফিরতে চাই**

ভ্রমণ নিষেধাজ্ঞা তুলে নেওয়ার সাথে সাথে আপনাকে একটি নতুন ভিসার জন্য আবেদন করতে হবে।

**অস্থায়ী গ্র্যাজুয়েট ভিসাধারীদের জন্য আঞ্চলিক উদ্যোগের অধীনে অস্ট্রেলিয়ায় পড়াশুনার শর্ত বা থাকার সময়কাল পূরণ করতে পারছি না**

আমরা কেস-বাই-কেস ভিত্তিতে ছাড়ের দিকে নজর দিচ্ছি।

## ব্রিজিং ভিসাধারী

আপনার ব্রিজিং ভিসার মেয়াদ শেষ হয়ে গেলে এবং আপনি অস্ট্রেলিয়ার বাইরে থেকে থাকলে আপনাকে আরেকটি ভিসার জন্য আবেদন করতে হবে। অস্ট্রেলিয়ার বাইরে থাকলে ব্রিজিং ভিসা প্রদান করা হয় না।

## ভিসার আবেদন প্রক্রিয়াকরণ

আবেদনকারীকে অবগত থাকতে হবে যে COVID-19 এর দ্বারা ভিসার আবেদন প্রক্রিয়াকরণ সংক্রান্ত কিছু সেবা প্রভাবিত হতে পারে।

নির্দিষ্ট কিছু ভিসাধারীদের ক্ষেত্রে VEVO সিস্টেমে প্রবেশে সমস্যার বিষয়ে আমরা অবগত রয়েছি। ভিসার স্ট্যাটাস ও অবস্থা দেখার জন্য যদি আপনি VEVO ব্যবহার করতে না পারেন, আপনি তখনো ImmiAccount এর মাধ্যমে আপনার ভিসা অনুমোদনপত্র এবং ভিসার শর্তে প্রবেশ করতে পারেন।

## চিকিৎসা ভিসা সংক্রান্ত অ্যাপয়েন্টমেন্ট

COVID-19 এর কারণে, অস্ট্রেলিয়া এবং অস্ট্রেলিয়ার বাইরে উভয় স্থানে ভিসা চিকিৎসা সেবায় ব্যাহতকরণ সম্পর্কে গ্রাহকদের সচেতন হওয়া উচিত।

ব্যাহতকরণ সম্পর্কে আমাদের ভিসা প্রসেসিং অফিসাররা অবগত রয়েছেন। আপনার ভিসা আবেদন বিবেচনা করার সময় আমরা বর্ধিত সময়সীমাকে গণ্য করব।

আপনার ভিসা মেডিকেল পুনরায় নির্ধারণ করা হলে আমাদের সাথে যোগাযোগ করার প্রয়োজন নেই।

আপনি যদি এখনো ভিসার আবেদন জমা না দিয়ে থাকেন বা আপনাকে যদি ইমিগ্রেশন মেডিকেল পরীক্ষা করানোর জন্য অনুরোধ না করা হয়ে থাকে, তবে এই মুহূর্তে অস্ট্রেলিয়ার ভিসা মেডিকেল সেবার ক্লিনিক বা বিদেশী প্যানেল ক্লিনিকে যোগাযোগ করার প্রয়োজন নেই।

### অস্ট্রেলিয়াতে

Bupa ভিসা মেডিকেল সার্ভিস এবং অন্যান্য ভিসা মেডিকেল সেবার ক্লিনিকগুলো কাজ চালিয়ে যাচ্ছে। তবে, কোভিড-19 এর জন্য স্বাস্থ্য বিভাগের চাহিদার কারণে ভিসা মেডিক্যাল সেবা হ্রাস পেয়েছে।

এই ব্যবস্থার মধ্যে রয়েছে সামাজিক দূরত্ব। 19 মার্চ তারিখ থেকে সকল বিদ্যমান বুকিংয়ের জন্য এটি প্রয়োগ করা হবে। এই ব্যবস্থার কারণে অনেক কেন্দ্রে অ্যাপয়েন্টমেন্টের প্রাপ্যতা হ্রাস হতে পারে।

আমরা কিছু বুকিং বাতিল করব এবং জমাকৃত অর্থ ফেরত দেব। নতুন অ্যাপয়েন্টমেন্ট বুকিংয়ের ব্যবস্থা উন্মুক্ত করার পূর্বে অ্যাপয়েন্টমেন্ট বাতিল করা হয়েছে এমন ব্যক্তিদের সাথে এবং উপস্থিত রয়েছে এমন অ্যাপয়েন্টমেন্টগুলোতে সময় পুনঃনির্ধারণ করার জন্য আমরা সকল ব্যক্তিদের সাথে যোগাযোগ করব।

এই গৃহীত ব্যবস্থাগুলো অস্থায়ী। স্বাস্থ্য বিভাগের পরামর্শে এসব ব্যবস্থাসমূহ নিয়মিত পর্যালোচনা করা হবে।

ক্লিনিকগুলোতে আসা ভিসা আবেদনকারীদের পাশাপাশি, ক্লিনিক কর্মীদের স্বাস্থ্য এবং নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে অস্ট্রেলিয়ান সরকারের সুপারিশের সাথে সামঞ্জস্য রেখে এই ব্যবস্থাসমূহ গ্রহণ করা হয়েছে।

### অস্ট্রেলিয়ার বাইরে

বিদেশী সেবাগুলো ব্যাহত আছে। কিছু ক্লিনিক সাময়িকভাবে বন্ধ আছে অথবা পরবর্তী কয়েক মাসের জন্য কার্যক্রম হ্রাস করেছে

কোভিড-19 এর প্রতি জাতীয় পরিচালনার প্রতিক্রিয়া এবং তাদের নিজ নিজ সরকারের পরামর্শ অনুযায়ী বহু সংখ্যক প্যানেল ক্লিনিক অতিরিক্ত ঝুঁকি ব্যবস্থাপনার নিয়ন্ত্রণ বাস্তবায়ন করছে।

## স্থায়ী ভিসাধারী

অস্ট্রেলিয়ার স্থায়ী বাসিন্দাগণ অস্ট্রেলিয়াতে ফেরত আসতে পারবেন। তাদেরকে তাদের আগমন বন্দরে অবস্থিত নির্ধারিত ফ্যাসিলিটিজে (উদাহরণস্বরূপ একটি হোটেল) 14 দিনের বাধ্যতামূলক কোয়ারেন্টাইনে থাকতে হবে। এতে বিদেশী ব্যক্তিবর্গ অন্তর্ভুক্ত রয়েছেন যাদের স্থায়ী ভিসা দেওয়া হয়েছে কিন্তু তারা এখনো এই ভিসায় আগমন করেননি।.

## ভিসা বাতিলকরণ

অস্থায়ী ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে আপনার ভিসা বাতিল হলে আমরা লিখিতভাবে আপনাকে জানাবো। ভিসা বাতিলকরণ সিদ্ধান্ত কীভাবে প্রত্যাহার করা যায় সে সম্পর্কিত তথ্যও এর মধ্যে থাকবে।